22 MAY 2016

তারিখ ...
পৃষ্ঠা ...৩...৭... কলাম ...২...

দৈনিক
ইত্তেফাক

# এমপিওভুক্ত শিক্ষকদের অবসর সুবিধায় ৬শ কোটি টাকা দেয়ার সিদ্ধান্ত

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধা পাওয়ার ক্ষেত্রে ভোগান্তি কমাতে সরকার এ খাতে সাড়ে ৬০০ কোটি টাকা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে অবসর সুবিধার জন্য ৫০০ কোটি টাকা সিডমানি ও ১০০ কোটি টাকা থোক হিসেবে দেয়া হচ্ছে। আর কল্যাণ সুবিধার জন্য থোক বরাদ্দ দেয়া হচ্ছে ৫০ কোটি টাকা।

গতকাল শনিবার ঢাকা শিক্ষক প্রশিক্ষণ কলেজে (টিটিসি) হজে যেতে ইচ্ছুক অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধার চেক প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। অনুষ্ঠানে অবসরে যাওয়া ১ হাজার ৩৭ জনকে অবসর ও কল্যাণ সুবিধার জন্য ৪৯ কোটি ৪১ লাখ ৪৮ হাজার টাকার চেক দেয়া হয়।

শিক্ষামন্ত্রী বলেন, অবসরে যাওয়া শিক্ষক-কর্মচারীদের অবসরসুবিধার টাকা যথাযথ সময়ে পরিশোধ করতে দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছ থেকে অর্থ সহায়তা নিয়ে একটি তহবিল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। এ ছাড়া শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে এত দিন মূল বেতনের যে অংশ কেটে রাখা হতো, তার হারও বাড়ানো হচ্ছে। শিক্ষাসচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক মো. ওয়াহিদুজ্জামান, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবস সুবিধার বোর্ডের সদস্যসচিব শরীফ আহমদ, কল্যাণ ট্রাস্টের সদস্যসচিব শাহজাহান আলম প্রমুখ।